কালের কণ্ঠ

তারিখ: 07 SEP 2017
পৃষ্ঠা: ২ কলাম: ৩

### প্রধানমন্ত্রীকে নিয়ে কুরুচিপূর্ণ স্ট্যাটাস

# উলিপুরে কলেজের অধ্যক্ষের বিরুদ্ধে ৫৭ ধারায় মামলা

কুড়িগ্রাম প্রতিনিধি ▷

ফেসবুকে প্রধানমন্ত্রী শেখ হাসিনা সম্পর্কে কুরুচিপূর্ণ স্ট্যাটাস দেওয়ার অভিযোগে কুড়িগ্রামের উলিপুরে একটি বেসরকারি কলেজের অধ্যক্ষের বিরুদ্ধে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি আইনের ৫৭ ধারায় মামলা হয়েছে।

উলিপুরের থেতরাই আব্দুল জব্বার কলেজের অধ্যক্ষ মাহবুবুর রহমান মনুর নামে গত মঙ্গলবার রাতে মামলাটি দায়ের করেন উলিপুর পৌর আওয়ামী লীগের সাধারণ সম্পাদক ও উলিপুর প্রেস ক্লাবের সভাপতি আবু সাঈদ সরকার। এ ঘটনায় এলাকায় চাপা উত্তেজনা বিরাজ করছে। অভিযুক্ত অধ্যক্ষ গ্রেপ্তার এড়াতে গা ঢাকা দিয়েছেন।

জানা গেছে, অধ্যক্ষ মাহবুবুর রহমান গত ৪ সেপ্টেম্বর তাঁর ফেসবুক পেজে প্রধানমন্ত্রী সম্পর্কে কুরুচিপূর্ণ একটি স্ট্যাটাস দেন। তাঁর কলেজ এমপিওভুক্ত না হওয়ায় ক্ষুব্ধ হয়ে তিনি এই স্ট্যাটাস দিয়ে এর সঙ্গে সবাইকে সহমত পোষণের আহ্বান জানান। ঘটনাটি জানাজানি হলে স্থানীয় আওয়ামী লীগসহ এলাকার লোকজনের মধ্যে ক্ষোভ ও উত্তেজনার সৃষ্টি হয়। পরে ১৬ ঘণ্টা পর স্ট্যাটাসটি প্রত্যাহার করে নেন অধ্যক্ষ।

গত মঙ্গলবার রাত ১০টার দিকে উলিপুর থানায় মামলা দায়েরের পর পুলিশ মাহবুবুর রহমানকে আটক করলেও ইউনিয়ন ছাত্রলীগের সভাপতি সৈকত বাবু ও অধ্যক্ষের ছোট ভাই মনজু আসামিকে ছিনিয়ে নেন বলে অভিযোগ পাওয়া গেছে। এ ঘটনায় উপজেলাজুড়ে তোলপাড় শুরু হয়েছে। মামলার তদন্তকারী কর্মকর্তা এসআই মো. তোজাম্মেল হক আসামি ছিনিয়ে নেওয়ার ঘটনা স্বীকার করে বলেন, 'মাটির নিচে থাকলেও আসামিকে অচিরেই গ্রেপ্তার করা হবে।' থানার ওসি এস কে আব্দুল্লাহ আল সাইদ বলেন, আসামি গ্রেপ্তারের চেষ্টা চলছে।